# মেহেরপুর সদর উপজেলা পরিষদের মে- ২০২১ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ ইয়ারুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেরপুর সদর
স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ, মেহেরপুর সদর
সভার তারিখ ও সময় : ২০/০৫/২০২১ খ্রি., বেলা- ১১.০০ ঘটিকা

উপস্থিত সদস্যদের নাম : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভায় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়।

২.০০ **গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন :**

গত ২৯/০৪/২০২১ খ্রি. তারিখের সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোনো সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ (Confirm) করা হয়।

৩.০০ **স্থায়ী কমিটি সমূহের কার্যবিবরণী পর্যালোচনা :**

সভায় আলোচনার জন্য মে- ২০২১ মাসে নিম্নবর্ণিত ০১ টি স্থায়ী কমিটির কার্যবিবরণী পাওয়া গিয়েছে।

| স্থায়ী কমিটির আলোচনা | সুপারিশ / সিদ্ধান্ত |
|---|---|
| ০১। **প্রাথমিক ও গণশিক্ষা কমিটি :** গত ১৮/০৫/২০২১ খ্রি. তারিখে প্রাথমিক ও গণশিক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়। উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, এ উপজেলার পিরোজপুর ইউনিয়নের পাটকেলপোতা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মেইন রাস্তা থেকে বিদ্যালয় অভিমুখী রাস্তা এখনও ২০০ ফিট মাটির রাস্তা রয়েছে। উক্ত রাস্তাটি এইচবিবিকরণের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন মর্মে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | উপজেলা পরিষদের এডিপি'র অর্থায়নে উল্লিখিত রাস্তাটি এইচবিবিকরণ সংক্রান্ত প্রকল্প গ্রহণের জন্য সুপারিশ করা হয়। |

**সিদ্ধান্ত :** উপজেলা পরিষদের স্থায়ী কমিটির নির্ধারিত সভা করে সুনির্দিষ্ট প্রস্তাব পেশসহ সভার কার্যবিবরণী উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণের জন্য স্ব স্ব কমিটির সদস্য-সচিবকে অনুরোধ করা হয়।

৪.০০ (ক) **বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি):**

উপজেলা প্রকৌশলী, মেহেরপুর সদর, সভায় জানান যে, ১০/১২/২০২০ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদ মাসিক সভায় ২০২০-২০২১ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর আওতায় ৯৯,৯৯২.০০ টাকা ব্যয়ে "উত্তর শালিকা তাজুলের বাড়ির নিকট হতে রশিদ মাষ্টারের বাড়ি অভিমূখে রাস্তা এইচবিবি করণ" প্রকল্পটি ঠিকাদারের মাধ্যমে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয় এবং উক্ত কাজ বাস্তবায়নকালে দেখা যায় প্রস্তাবিত রাস্তাটি একটি অভ্যন্তরীণ সড়ক এবং সড়কের জায়গা ব্যক্তি মালিকানাধীন হওয়ায় এবং জমির মালিক কর্তৃক সড়ক উন্নয়ন (এইচবিবি) কাজে বাধা প্রদান করায় এইচবিবি করণ কাজ স্থগিত আছে। এব্যপারে সিদ্ধান্ত গ্রহণের জন্য তিনি এ সভায় প্রস্তাব রাখেন।

এছাড়া এ সভায় চেয়ারম্যান, পিরোজপুর ইউনিয়ন পরিষদ জানান যে, ১০/১২/২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদ মাসিক সভায় ২০২০-২০২১ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর আওতায় ০২(দুই) লক্ষ টাকা ব্যয়ে "গহরপুর - পিরোজপুর এইচবিবি সড়ক মেরামত ও সংস্কার" প্রকল্পটি পিআইসি দ্বারা বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। ইতোমধ্যে সড়কটি এলজিইডি এর মাধ্যমে বিসি দ্বারা উন্নয়ন কাজ চলমান আছে। এমতাবস্থায়, তিনি বর্ণিত প্রকল্পটির পরিবর্তে "পিরোজপুর গ্রামের বৈকণ্ঠ ঘোষের বাড়ির নিকট হতে শহীদ মুক্তিযোদ্ধা জাফর চত্বর পর্যন্ত সড়ক মেরামত ও উন্নয়ন" শীর্ষক প্রকল্প অনুমোদনের জন্য সভায় প্রস্তাব রাখেন।

উপজেলা নির্বাহী অফিসার, মেহেরপুর সদর সভায় জানান, করোনা পরিস্থিতি বিবেচনায় গত ১০/১২/২০২০ তারিখে অনুমোদিত "মেহেরপুর সদর উপজেলায় স্কাউটিং এর পিএল কোর্স আয়োজন ও প্লাস্টিকের চেয়ার সরবরাহ" প্রকল্পটি বাস্তবায়ন করা সম্ভব হবে না। সেক্ষেত্রে এর পরিবর্তে "মেহেরপুর সদর উপজেলায় স্কাউটিং এর ওরিয়েন্টশন কোর্স ও প্লাস্টিকের চেয়ার সরবরাহ " প্রকল্প অনুমোদন করা যেতে পারে।

এ ছাড়া উপজেলা প্রকৌশলী, মেহেরপুর সদর সভায় আরো জানান যে, গত ১০/১২/২০২০ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদ মাসিক সভায় ১,০০,৩৯,৯২২.০০ টাকার ৬১টি প্রকল্পের কাজ ১২টি প্যাকেজে e-GP পদ্ধতি অনুসরণ করে সীমিত দরপত্রের মাধ্যমে ঠিকাদার নির্বাচন করে কাজ চলমান আছে। এডিপি'র যাবতীয় কার্যক্রম ৩১/০৫/২০২১ খ্রি. তারিখের মধ্যে সম্পন্ন করার নির্দেশনা রয়েছে। সে কারণে অনুমোদিত প্রকল্প কমিটি (পিআইসি) দ্রুত চুক্তি সম্পাদন অন্তে প্রকল্পের কাজ শুরু/ সমাপ্ত করে ৩১/০৫/২০২১ খ্রি. তারিখের মধ্যে যাবতীয় বিল উত্তোলনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। একইসাথে নিম্নে বর্ণিত ০২টি প্রকল্পের পাশে উল্লেখিত প্রকল্প কমিটি (পিআইসি) অনুমোদনের লক্ষে উপস্থাপন করেন।

(০১) প্রকল্পের নাম: আমদহ ইউনিয়নের দরিদ্র পরিবারের মাঝে প্লাটর্ফম সহ নলকূপ স্থাপন

বরাদ্দকৃত টাকার পরিমাণ: ৭৮,৫৯৭.০০ ইউনিয়ন: আমদহ ইউপি

| ক্র: নং | নাম | পরিচয় | কমিটিতে পদবী |
|---|---|---|---|
| ১ | মোছাঃ সোনাবানু বিন্দু | মহিলা সদস্য, আমদহ ইউপি | সভাপতি |
| ২ | মোঃ আশরাফুল ইসলাম | গণ্যমান্য ব্যক্তি | সেক্রেটারী |
| ৩ | মোঃ তাহাজুদ্দিন | শিক্ষক | সদস্য |
| ৪ | মোঃ সিরাজুল ইসলাম | মুক্তিযোদ্ধা | সদস্য |
| ৫ | মোঃ সিরাজুল ইসলাম | ইউপি সদস্য | সদস্য |
| ৬ | মোঃ দরুদ আলী | গণ্যমান্য ব্যক্তি | সদস্য |
| ৭ | মোঃ বজলুর রহমান | সমাজ সেবক | সদস্য |

(০২) প্রকল্পের নাম: পিরোজপুর গ্রামের বৈকন্ঠ ঘোষের বাড়ির নিকট হতে শহীদ মুক্তিযোদ্ধা জাফর চত্বর পর্যন্ত সড়ক মেরামত ও উন্নয়ন

বরাদ্দকৃত টাকার পরিমাণ: ২,০০,০০০.০০ ইউনিয়ন: পিরোজপুর

| ক্র: নং | নাম | পরিচয় | কমিটিতে পদবী |
|---|---|---|---|
| ১ | মোঃ আব্দুস সামাদ বাবলু বিশ্বাস | চেয়ারম্যান, পিরোজপুর ইউপি | সভাপতি |
| ২ | মোঃ আব্দুস সালাম সানি | গন্যমান্য ব্যক্তি | সেক্রেটারী |
| ৩ | মোঃ রোকনুজ্জামান মানিক | শিক্ষক | সদস্য |
| ৪ | মোঃ আশরাফুল ইসলাম | ঈমাম | সদস্য |
| ৫ | মোঃ আব্বাস আলী | আনসার ভিডিপি | সদস্য |
| ৬ | মোছাঃ ছালমা খাতুন | ইউপি মহিলা সদস্য | সদস্য |
| ৭ | মোঃ আরজান আলী | ইউপি সদস্য | সদস্য |

**সিদ্ধান্ত:** উপজেলা প্রকৌশলী, মেহেরপুর সদর এবং চেয়ারম্যান, পিরোজপুর ইউনিয়ন পরিষদ কর্তৃক উত্থাপিত প্রস্তাব বিস্তারিতভাবে আলোচনান্তে প্রকল্প ব্যয় অপরিবর্তিত রেখে প্রকল্প ৩ টি নিম্নরূপে সংশোধন পূর্বক নির্বাচিত ঠিকাদার/অনুমোদিত প্রকল্প কমিটি দ্বারা বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে অনুমোদিত হলো। একইসাথে উপর্যুক্ত প্রস্তাবিত প্রকল্প কমিটি (পিআইসি) ২ টি সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো।

| ক্রমিক | ১০/১২/২০২০ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদ মাসিক সভায় অনুমোদিত প্রকল্পের নাম | সংশোধিত অনুমোদিত প্রকল্পের নাম | মন্তব্য |
|---|---|---|---|
| ০১. | উত্তর শালিকা তাজুলের বাড়ির নিকট হতে রশিদ মাষ্টারের বাড়ি অভিমুখে রাস্তা এইচবিবি করণ। প্যাকেজ নং-০৩ এর ক্রমিক নং-০৬ | উত্তর শালিকা মজিবারের বাড়ি হতে কবরস্থান অভিমূখে রাস্তা এইচবিবি করণ | অনুমোদিত প্রাক্কলনের ৯৯,৯৯২.০০ টাকার মধ্যে সীমাবদ্ধ রেখে সংশোধিত প্রাক্কলনের মাধ্যমে নির্বাচিত ঠিকাদার দ্বারা অত্র সংশোধিত সড়ক এইচবিবি করণ কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হলো। |
| ০২. | গহরপুর - পিরোজপুর এইচবিবি সড়ক মেরামত ও সংস্কার | পিরোজপুর গ্রামের বৈকন্ঠ ঘোষের বাড়ির নিকট হতে শহীদ মুক্তিযোদ্ধা জাফর চত্বর পর্যন্ত সড়ক মেরামত ও উন্নয়ন | অনুমোদিত ২.০০ (দুই) লক্ষ টাকার মধ্যে সীমাবদ্ধ রেখে সংশোধিত প্রাক্কলনের মাধ্যমে অনুমোদিত পিআইসি দ্বারা বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হলো। |
| ০৩. | মেহেরপুর সদর উপজেলায় স্কাউটিং এর পিএল কোর্স আয়োজন ও প্লাস্টিকের চেয়ার সরবরাহ | মেহেরপুর সদর উপজেলায় স্কাউটিং এর ওরিয়েন্টশন কোর্স ও প্লাস্টিকের চেয়ার সরবরাহ | অনুমোদিত ১.০০ (এক) লক্ষ টাকার মধ্যে সীমাবদ্ধ রেখে সংশোধিত প্রাক্কলনের মাধ্যমে অনুমোদিত পিআইসি দ্বারা বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হলো। |

**(খ) উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি):**

উপজেলা প্রকৌশলী, মেহেরপুর সদর সভায় জানান যে, ২০১৮-২০১৯ অর্থ বছরে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) এর আওতায় নিম্নোক্ত ০২(দুই)টি অবকাঠামো উন্নয়ন প্রকল্পের কাজ ১০০% সন্তোষজনক ভাবে সম্পন্ন হয়েছে। অত্র কাজের বিল নিম্নরুপভাবে প্রস্তুত করা হয়েছে। যা অনুমোদনের জন্য তিনি এ সভায় প্রস্তাব রাখেন।

**বিলের বিবরণী:**

| ক্র: নং | কাজের নাম ও প্যাকেজ নম্বর | চুক্তিকৃত টাকার পরিমাণ | ঠিকাদার কর্তৃক দাখিলকৃত বিলের টাকা | পরিশোধযোগ্য মোট টাকার পরিমাণ | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | ভ্যাট ও আয়কর ব্যতীত টাকা | ভ্যাট | আয়কর | মোট টাকার পরিমাণ |
| ০১ | মেহেরপুর সদর উপজেলাধীন (ক) আমদহ ইউনিয়নের সাহেবপুর মাধ্যমিক বিদ্যালয়ে আইসিটি ল্যাব নির্মাণ (খ) পিরোজপুর ইউনিয়নের রাজনগর দাখিল মাদ্রাসায় আসিটি ল্যাব নির্মাণ। প্যাকেজ নং- INF-2018-19-405787-01 | ২৪২১১১৭.৮৯ | ২৪২১১১২.০০ | ২১৬৬৮৯৪.০০ | ১৮১৫৮৪.০০ | ৭২৬৩৪.০০ | ২৪২১১১২.০০ |
| ০২ | মেহেরপুর সদর উপজেলাধীন (ক) কুতুবপুর ইউনিয়নের জিয়ালাপাড়া গ্রাম থেকে বৈকন্ঠপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় অভিমুখে রাস্তা আরসিসি দ্বারা উন্নয়ন (খ) বুড়িপোতা ইউনিয়নের শালিকা আহলে হাদিস জামে মসজিদ (জোলপাড়া) থেকে শালিকা সরকারি বালক প্রাথমিক বিদ্যালয় অভিমূখে রাস্তা আরসিসি দ্বারা উন্নয়ন। প্যাকেজ নং- INF-2018-19-405787-02 | ১৬০১২২৮.৬৯ | ১৫৯১৮৬৭.০০ | ১৪২৪৭২১.০০ | ১১৯৩৯০.০০ | ৪৭৭৫৬.০০ | ১৫৯১৮৬৭.০০ |
| | সর্বমোট = | ৪০২২৩৪৬.৫৮ | ৪০১২৯৭৯.০০ | ৩৫৯১৬১৫.০০ | ৩০০৯৭৪.০০ | ১২০৩৯০.০০ | ৪০১২৯৭৯.০০ |

<u>সিদ্ধান্ত:</u> বর্ণিত ০১নং প্যাকেজের উপ-প্রকল্পের অনুকূলে ভ্যাট ও আইটি সহ ২৪,২১,১১২.০০ (চব্বিশ লক্ষ একুশ হাজার একশত বার) টাকা এবং ০২নং প্যাকেজের উপ-প্রকল্পের অনুকূলে ১৫,৯১,৮৬৭.০০ (পনের লক্ষ একানব্বই হাজার আটশত সাতষট্টি) টাকার বিল সর্বসম্মতিক্রমে অনুমোদিত হলো। ঠিকাদারের বিল পরিশোধের নিমিত্ত বিলটি আনুষঙ্গিক কাগজপত্র সহ প্রকল্প পরিচালক, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি), জনস্বাস্থ্য প্রকৌশল ভবন, ১৪ ক্যাপ্টেন মনসুর আলী সরণী, কাকরাইল, ঢাকা-১০০০ বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হলো।

## ৫.০০ হস্তান্তরিত বিভাগ সমূহের কার্যাবলী :

| বিভাগীয় কার্যক্রম আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|
| **০১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর :** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় এপ্রিল-২০২১ মাসের নিম্নরুপ প্রতিবেদন দাখিল করেন। ক) বর্হিবিভাগের রোগীকে সেবা প্রদান : ২৬৩৮ জন খ) কমিউনিটি ক্লিনিকসমূহের সেবা প্রদান : ২০৫৪৯ জন গ) টিকা প্রদান : বিসিজি- ৩৩৫, এম আর ১= ৩৭৬, ২য় এমআর- ৩৪০, জন সহ স্বাস্থ্য শিক্ষা, আর্সেনিকোসিস সেবা, ডায়রিয়া, নিউমোনিয়া, সর্দি-জ্বর, মাতৃ সেবা, যক্ষা রোগীসহ সকল ধরণের সেবা প্রদান করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও প: প: অফিসার, মেহেরপুর সদরকে অনুরোধ করা হল। |
| **০২। উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর :** ক) স্থায়ী ও দীর্ঘ মেয়াদী পদ্ধতিতে (আই,ইউ,ডি ও ইমপ্লান্ট) মোট : ১৪৬৭ জনকে স্থায়ী ও ৬৪৫৮ জনকে অস্থায়ী পদ্ধতি গ্রহণ করানো হয়েছে। খ) গর্ভবতীর যত্ন, নিরাপদ প্রসব, গর্ভোত্তর যত্ন ও শিশু পরিচর্যা করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, মেহেরপুর সদরকে অনুরোধ করা হল। |

| | |
|---|---|
| ০৩। **উপজেলা কৃষি দপ্তর:**<br>উপজেলা কৃষি অফিসার, মেহেরপুর সদর সভায় জানান যে, মেহেরপুর সদর উপজেলায় এ বছর মাঠে ফসলের সার্বিক পরিস্থিতি সন্তোষজনক এবং আশানুরুপ ফলন হবে বলে আশাবাদ ব্যক্ত করেন। এ উপজেলায় কৃষি প্রণোদনার আওতায় আউশ জাতীয় ফসল আবাদ বৃদ্ধির লক্ষ্যে ৩৭০০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মধ্যে বিনামূল্যে ধান বীজ ও রাসায়নিক সার প্রদান করা হয়েছে। খরিফ- ১/২০২০-২০২১ মৌসুমে মেহেরপুর সদর উপজেলায় রোপা আউশ ধান ৯৫৮৫ হে: আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। আম ১০০০ হে:, লিচু ৩৫০ হে:, কলা ৮০০ হে:, মুখীকচু ১০০০ হে: চাষাবাদ হয়েছে। তাছাড়াও নিয়মিত মাঠ পরিদর্শন ও পরামর্শের মাধ্যমে দণ্ডায়মান ফসলে রোগ ও পোকা-মাকড়ের আক্রমণ নিয়ন্ত্রণে রয়েছে। পারিবারিক সবজি ও পুষ্টি বাগানের সবজি উৎপাদন এবং উদ্বুদ্ধকরণের মাধ্যমে সবজি-পুষ্টি বাগান স্থাপন কার্যক্রম চলমান আছে। সেই সাথে ভেজাল সার, বীজ ও বালাইনাশকের মজুদ ও বাজার পরিস্থিতি সন্তোষজনক এবং মনিটরিং অব্যাহত আছে। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি অফিসার, মেহেরপুর সদরকে অনুরোধ করা হল। |
| ০৪। **উপজেলা মৎস্য দপ্তর :**<br>সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, মেহেরপুর সদরের নিকট থেকে তাদের কার্যক্রমের অগ্রগতির কোন প্রতিবেদন পাওয়া যায়নি। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন দাখিল করার জন্য সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, মেহেরপুর সদরকে অনুরোধ করা হল। |
| ০৫। **উপজেলা প্রাণিসম্পদ দপ্তর :**<br>উপজেলা প্রাণিসম্পদ অফিসার, মেহেরপুর সদর সভায় জানান যে, গবাদি পশু ও হাঁস-মুরগীর রোগ প্রতিরোধের লক্ষ্যে গবাদি পশুর ৬৩৬০ টিকা ও হাঁস-মুরগীর ৮২৬০০ মাত্রা টিকা প্রয়োগ করা হয়েছে। ২৭৩৪ টি গবাদি পশু ও ৯৮২৮ টি হাঁস-মুরগির চিকিৎসা প্রদান করা হয়েছে। উন্নত জাতের বকনা /এঁড়ে গরু তৈরী করার লক্ষ্যে ৭৭০ টি গাভীকে কৃত্রিম প্রজনন করা হয়।এছাড়াও টিকাবীজ ও কৃত্রিম প্রজনন ফিস বাবদ ৪২,৭৩০/- টাকা রাজস্ব আদায় হয়েছে। তাছাড়াও ১৫ টি গবাদি পশু ও মুরগী খামার পরিদর্শন করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রাণিসম্পদ অফিসার, মেহেরপুর সদরকে অনুরোধ করা হল। |
| ০৬। **উপজেলা শিক্ষা দপ্তর:**<br>উপজেলা শিক্ষা অফিসার, মেহেরপুর সদর সভায় জানান যে, শিখন শেখানো কার্যক্রমে ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণ সংক্রান্ত মোট শিক্ষার্থী- ১৫৩৩৬ জন, টেলিভিশন- ৭৯৮১ জন, মোবাইল ফোন-৫০৭১ জন, গুগল মিট/ জুম অ্যাপ এর মাধ্যমে ১২২৫ জন অংশগ্রহণ করেছে এবং ১০৫৯ শিক্ষার্থী কোন মাধ্যমেই পাঠ গ্রহণ করতে পারে না। ১০৮ টি সরকারি, ১ টি শিশু কল্যাণ ও ১ টি পিটিআই পরীক্ষণ বিদ্যালয়সহ সর্বমোট ১১০ টি প্রাথমিক বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের নগদ পোর্টালের মাধ্যমে অভিভাবকদের মোবাইলে ২০২০-২০২১ অর্থ বছরের ৩য় ও ৪র্থ কিস্তির (জানু-জুন) উপবৃত্তি প্রদানের জন্য বিদ্যালয় পর্যায় হতে নগদ পোর্টালে নতুন ছাত্র-ছাত্রীর এন্ট্রি ও চাহিদা প্রদানের কাজ চলমান রয়েছে। ৫৭১ জন শিক্ষকের ১৩ গ্রেড প্রদানের জন্য শিক্ষকের সকল চাহিত তথ্যসহ চাকুরীবহি জেলা হিসাবরক্ষণ অফিসারের কার্যালয়ে প্রেরণ করা হয়েছে এবং কাজ চলমান রয়েছে এবং ৮৮ জন শিক্ষকের ১ম ও ২য় উচ্চতর গ্রেডের কাজ চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা শিক্ষা অফিসার, মেহেরপুর সদরকে অনুরোধ করা হলো। |

| | |
|---|---|
| ০৭। **উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর :** **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মেহেরপুর সদর সভায় জানান যে, (০১) প্রতিষ্ঠান সমূহের শ্রেণি কার্যক্রম বন্ধ আছে। প্রয়োজনে সীমিত আকারে খোলা আছে।** (০২) **এ্যাসাইনমেন্ট কার্যক্রম বন্ধ আছে।** (০৩) সমন্বিত উপবৃত্তির ৬ষ্ঠ, **৯ম ও একাদশ শ্রেণির** আবেদনপত্র প্রধান কার্যালয়ে প্রেরণ করা **হয়েছে।** (০৪) মাধ্যমিক বিদ্যালয়ের ০৩ টি প্রধান শিক্ষকের পদ **শুন্য আছে।** (০৫) ইউনিক আইডি (UID) প্রদান কার্যক্রম শুরু হয়েছে। (০৬) চাহিদাকৃত তথ্যাদি যথারীতি পাঠানো হচ্ছে। (০৭) এ কার্যালয়ের একজন কর্মকর্তা ও ৩য় শ্রেণির ০১ টি পদ খালি আছে। (০৮) প্রতিষ্ঠান প্রধানগণের সাথে ০১ টি Zoom Meeting করা হয়েছে। সেই সাথে তাদের অন্যান্য কার্যক্রম যথারীতি চলমান আছে। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মেহেরপুর সদরকে অনুরোধ করা হলো। |
| ০৮। **উপজেলা প্রকল্প বাস্তবায়ন ও ত্রাণ বিভাগ :** উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, মেহেরপুর সদর সভায় জানান যে, ২০২০-২০২১ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো টি.আর/ কাবিটা কর্মসূচির ৮০% চলমান। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মেহেরপুর সদরকে অনুরোধ করা হল। |
| ০৯। **উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর :** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, সাংগঠনিক ও ঋণদান কার্যক্রম (মূল ও প্রকল্পসমূহ) যথারীতি চলছে। একই সাথে অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প (পিআরডিপি)- ৩ এর কার্যক্রম সহ অন্যান্য বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর সদরকে অনুরোধ করা হল। |
| ১০। **উপজেলা সমবায় দপ্তর :** উপজেলা সমবায় অফিসার, মেহেরপুর সদর সভায় জানান যে, মোট সমিতির সংখ্যা- ৯৬ টি, (প্রাথমিক সমিতি ৯৪ টি ও কেন্দ্রিয় সমিতি ২ টি) অডিট কার্যক্রম যথাযথভাবে চলছে। সমবায় উন্নয়ন তহবিল ধার্য্য আছে। ঋণ আদায় কার্যক্রম যথারীতি চলছে। আশ্রয়ণ প্রকল্পের কার্যক্রম যথারীতি পরিদর্শন করা হচ্ছে। ঋণ আদায়ের শতকরা হার ৯৭%। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা সমবায় অফিসার, মেহেরপুর সদরকে অনুরোধ করা হল। |
| ১১। **উপজেলা যুব উন্নয়ন দপ্তর :** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর সদরের নিকট থেকে তাদের কার্যক্রমের অগ্রগতির কোন প্রতিবেদন পাওয়া যায়নি। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন দাখিল করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর সদরকে অনুরোধ করা হল। |
| ১২। **উপজেলা সমাজসেবা দপ্তর :** উপজেলা সমাজসেবা অফিসার, মেহেরপুর সদর সভায় জানান জিটুপি পদ্ধতিতে ৪৩৭ জন বীর মুক্তিযোদ্ধার মাঝে এপ্রিল- ২০২১ মাসের সম্মানী খাতা বাবদ ৫২,৪৪,০০০/- টাকা এবং ঈদুল ফিতরের উৎসব ভাতা বাবাদ ৪৩,৭০,০০০/- টাকা বিতরণ করা হয়েছে। ৬,৫০০ জন বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতাভোগীর মাঝে অক্টোবর- ২০২০ হতে মার্চ- ২০২১ মাসের ভাতা বাবাদ প্রায় চার কোটি টাকা বিতরণ করা হয়েছে এবং জিটুপি পদ্ধতিতে ভাতা প্রদানের জন্য ১০৫০ জন ভাতাভোগীর বিকাশ হিসাব খোলা হয়েছে। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এধারা অব্যাহত রাখার জন্য উপজেলা সমাজসেবা অফিসার, মেহেরপুর সদরকে অনুরোধ করা হল। |

| | |
|---|---|
| ১৩। **উপজেলা মহিলা বিষয়ক দপ্তর :**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মেহেরপুর সদর সভায় জানান যে, ২০২১-২০২১ অর্থ বছরে প্রতিটি ইউনিয়নে ৫৫ জন করে নতুন ভাতাভোগী নির্বাচন করা হয়েছে। ভাতা বিতরণ প্রক্রিয়াধীন। এ উপজেলায় ১০২৪ জন ভিজিডি উপকারভোগী খাদ্য সহায়তা পাচ্ছে। তাছাড়াও অন্যান্য কার্যক্রম সঠিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এধারা অব্যাহত রাখার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মেহেরপুর সদরকে অনুরোধ করা হয়। |
| ১৪। **স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ:**<br>উপজেলা প্রকৌশলী, মেহেরপুর সদর, সভায় জানান যে, অত্র উপজেলায় পিইডিপি-৪ এর আওতায় ১১(দুই) টি বিদ্যালয় এবং NBIDGPS-1 এর আওতায় ১৩টি প্রাথমিক বিদ্যালয়ে নতুন ভবন নির্মাণ/ আনুভূমিক সম্প্রসারণ/ উর্ধ্বমূখি সম্প্রসারণ কাজ চলমান আছে। এছাড়া আমদহ ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন মেরামত এবং আশরাফপুর জামে মসজিদের পুকুর ও আশরাফপুর সলিতলা চালতলা জামে মসজিদের পুকুর ঘাটলা সহ পুনঃখনন কাজ চলমান আছে। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এধারা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকৌশলী, মেহেরপুর সদর কে অনুরোধ করা হয়। |
| ১৫। **উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ :**<br>উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মেহেরপুর সদর, সভায় জানান যে, ২০১৯-২০২০ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় ০৫ টি প্রকল্পের মধ্যে অগ্রাধিকারমূলক গ্রামীণ পানি সরবরাহ ও পল্লী অঞ্চলে পানি সরবরাহ প্রকল্পের কাজ ১০০% ভাগ সম্পন্ন হয়েছে। NNGPS প্রকল্পের কাজ ১০০% সম্পন্ন হয়েছে। আর NBIDNNGPS & NBIDGPS প্রকল্পের কাজ ৭৫% সম্পন্ন হয়েছে। চলতি বছরে অগভীর টিউবওয়েলের বরাদ্দ ৪০ টি, টিউবওয়েল উইথ সাবমার্জিবল পাম্প এন্ড ট্যাংক ৯০ টি বরাদ্দ পাওয়া গিয়েছে। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, মেহেরপুর সদর কে অনুরোধ করা হয়। |
| ১৬। **ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন, নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র:**<br>ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন, নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, মেহেরপুর এর নিকট থেকে তাদের কার্যক্রমের অগ্রগতির কোন প্রতিবেদন পাওয়া যায়নি। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন দাখিল করার জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তা, মেহেরপুর এসএফএনটিসিএফ কে অনুরোধ করা হয়। |

৫.০১ **অন্যান্য বিভাগ সমূহের কার্যাবলী :**

| | |
|---|---|
| ০১। **আমার বাড়ি আমার খামার প্রকল্প :**<br>উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, মেহেরপুর সদর, সভায় জানান যে, সমিতি গঠনের লক্ষমাত্রা ৮০, ক্রমপুঞ্জিত অর্জন ৮০, সদস্য ভর্তির মাসিক অর্জন ০, ক্রমপুঞ্জিত অর্জন ৪৬০০, সঞ্চয় জমার মাসিক অর্জন ১.৬২, ক্রমপুঞ্জিত অর্জন ১৯৮.৭৬, ক্রমপুঞ্জিত উৎসাহ বোনাস প্রদান ১৭৬.৯৭, ক্রমপুঞ্জিত ঋণ তহবিল প্রদান ১৮৮.৯০, সমিতির মোট তহবিল ৫৬৪.৬৩, মাসিক ঋণ বিতরণ ১৩৪.৪৭, ক্রমপুঞ্জিত বিতরণ ১৪১৫.৭৯ মাসিক ঋণ আদায় ২৮.৫৩ ক্রমপুঞ্জিত আদায় ৬৫৯.০৯ খেলাপীর পরিমাণ ২৯.২৭ এবং খেলাপী ঋণের হার ৩.৮৬%। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, মেহেরপুর সদর কে অনুরোধ করা হয়। |

| | |
|---|---|
| **০২। তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) :**<br><br>উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), মেহেরপুর সদরের নিকট থেকে তাদের কার্যক্রমের অগ্রগতির কোন প্রতিবেদন পাওয়া যায়নি। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন দাখিল করার জন্য উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), মেহেরপুর সদর কে অনুরোধ করা হয়। |

৬.০০ **বিবিধ:**

(ক) উপজেলা পরিষদের সম্প্রসারিত প্রশাসনিক ভবন ও হলরুম উদ্বোধন:

চেয়ারম্যান, আমঝুপী ইউনিয়ন পরিষদ সভায় বলেন, ৪,৪৭,৩২,৪৩০.৪১ টাকা ব্যয়ে উপজেলা পরিষদের সম্প্রসারিত প্রশাসনিক ভবন ও হল রুম নির্মাণ কাজ ইতোমধ্যে শেষ হয়েছে। কিন্তু অদ্যাবধি উদ্বোধন না করার কারণে নতুন ভবনে অফিস কার্যক্রম চালু সহ এ পরিষদের বাইরে অবস্থিত বিভিন্ন অফিস পরিষদ চত্বরে আনা সম্ভব হচ্ছে না এবং স্থানীয় জনগণ কাঙ্খিত One stop সেবা থেকে বঞ্চিত হচ্ছে। এমতাবস্থায়, তিনি দ্রুততম সময়ের মধ্যে মাননীয় জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও সংসদ সদস্য জনাব ফরহাদ হোসেন মহোদয়ের মাধ্যমে নবনির্মিত উপজেলা পরিষদ সম্প্রসারিত প্রশাসনিক ভবন ও হলরুম উদ্বোধন করার প্রস্তাব রাখেন। এ বিষয়ে সভাপতি সভায় জানান যে, আগামী জুন- ২০২১ এর ১০-১২ তারিখের মধ্যে তিনি মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা কর্তৃক নবনির্মিত ভবন উদ্বোধনের চেষ্টা করছেন। অত্র সময়ের মধ্যে মাননীয় প্রধানমন্ত্রীর মাধ্যমে উদ্বোধন করা সম্ভব না হলে তখন বিকল্প সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

সিদ্ধান্ত: জুন- ২০২১ এর ১০-১২ তারিখের মধ্যে মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা কর্তৃক নবনির্মিত ভবন উদ্বোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেরপুর সদরকে অনুরোধ করা হয়।

(খ) উপজেলা পরিষদের ০২ জন কর্মচারীর সিপিএফ হিসাব চালুকরণ :

উপজেলা নির্বাহী অফিসার, মেহেরপুর সদর জানান, উপজেলা পরিষদে কর্মরত ০২ (দুই) জন কর্মচারী যথাক্রমে (০১) মোঃ আল্- আমিন, সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, (০২) মোঃ ওয়াশিম হোসেন, গাড়ী চালক, উপজেলা পরিষদ কর্মচারী (চাকুরী) বিধিমালা, ২০১০ অনুযায়ী প্রদেয় ভবিষ্যৎ তহবিল হিসাব নং খোলা এবং এ সংক্রান্ত উপজেলা পরিষদের নিকট বকেয়া পাওনা পরিশোধের জন্য আবেদন করেছেন। এ বিষয়ে স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা হতে গত ০৩/০৩/২০২০ খ্রি. তারিখের ৩১৮ নং স্মারকের মাধ্যমে সিপিএফ হিসাব নং খোলা ও বকেয়া পাওনা পরিশোধের নির্দেশনা রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত: উপজেলা পরিষদ কর্মচারী (চাকুরী) বিধিমালা, ২০১০ এবং স্থানীয় সরকার বিভাগ হতে প্রাপ্ত পত্রের নির্দেশনা এবং উক্ত ০২ (দুই) জন কর্মচারীর আবেদনের প্রেক্ষিতে স্ব-স্ব কর্মচারীর জন্য প্রদেয় ভবিষ্যৎ তহবিলে (সিপিএফ) বকেয়া পাওনা টাকা জমা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। এছাড়া উক্ত হিসাব স্ব-স্ব কর্মচারী ও উপজেলা নির্বাহী অফিসারের যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে মর্মে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

(গ) ভ্রমণ বিল সংক্রান্ত :

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেরপুর সদর, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের এপ্রিল- ২০২১ মাসের ভ্রমণ বিল দাখিল করেছেন। উক্ত ভ্রমণ বিল অনুমোদনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

## পরিশিষ্ট "ক"

| ক্রং নং | সদস্যের নাম/ পদবী | উপস্থিত | অনুপস্থিত | ই-মেইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|---|
| ০১ | **জনাব মোঃ মাসুদুল আলম**<br>**উপজেলা নির্বাহী অফিসার, মেহেরপুর সদর ।** | উপস্থিত | - | unomeherpur@ mopa. gov·bd | স্বাক্ষরিত |
| ০২ | জনাব মোঃ মাহফুজুর রহমান (রিটন)<br>মেয়র, মেহেরপুর পৌরসভা | - | অনুপস্থিত | | - |
| ০৩ | জনাব মোঃ মোমিনুল ইসলাম<br>ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেরপুর সদর। | উপস্থিত | - | uzpmeherpursadar@gmail.com | স্বাক্ষরিত |
| ০৪ | জনাব মোছাঃ লতিফুন নেছা লতা<br>মহিলা ভাইস চেয়ারম্যান,<br>উপজেলা পরিষদ, মেহেরপুর সদর | উপস্থিত | - | uzpmeherpursadar@gmail.com | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব মোঃ সহিদুল আলম<br>চেয়ারম্যান, কুতুবপুর ইউনিয়ন পরিষদ | - | অনুপস্থিত | nahid.news635@gmail.com | - |
| ০৬ | জনাব মোঃ শাহজামান<br>চেয়ারম্যান, বুড়িপোতা ইউনিয়ন পরিষদ | উপস্থিত | - | jamanupchairman@gmail.com | স্বাক্ষরিত |
| ০৭ | জনাব মোঃ বোরহান উদ্দীন আহাম্মেদ<br>চেয়ারম্যান, আমঝুপি ইউনিয়ন পরিষদ | উপস্থিত | - | zestamj@gmail.com | স্বাক্ষরিত |
| ০৮ | জনাব মোঃ আনারুল ইসলাম<br>চেয়ারম্যান, আমদহ ইউনিয়ন পরিষদ। | উপস্থিত | - | amdahup26@gmail.com | স্বাক্ষরিত |
| ০৯ | জনাব মোঃ আব্দুস সামাদ বাবলু বিশ্বাস<br>চেয়ারম্যান, পিরোজপুর ইউনিয়ন পরিষদ | উপস্থিত | - | alhajtitu@gmail.com | স্বাক্ষরিত |
| ১০ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, মেহেরপুর সদর। | উপস্থিত | - | meherpursadar@uhfp0.dghs.gov<br>. | স্বাক্ষরিত |
| ১১ | উপজেলা কৃষি অফিসার, মেহেরপুর সদর | উপস্থিত | - | uaosadarmeherpur@gmail.com | স্বাক্ষরিত |
| ১২ | উপজেলা প্রকৌশলী, মেহেরপুর সদর। | উপস্থিত | - | ue.meherpur.s@lged.gov.bd | স্বাক্ষরিত |
| ১৩ | উপজেলা প্রাণি সম্পদ অফিসার, মেহেরপুর সদর। | উপস্থিত | - | sharifd1s1975@gmail.com | স্বাক্ষরিত |
| ১৪ | উপজেলা শিক্ষা অফিসার, মেহেরপুর সদর । | উপস্থিত | - | ueommeherpursadar@<br>gmail.com | স্বাক্ষরিত |
| ১৫ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মেহেরপুর সদর | উপস্থিত | - | useo.meherpursadar@gmail.<br>com | স্বাক্ষরিত |
| ১৬ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, মেহেরপুর সদর | উপস্থিত | - | ufpomeherpur@gmail.com | স্বাক্ষরিত |
| ১৭ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মেহেরপুর সদর। | উপস্থিত | - | usso.meherpursadar@dss.gov.bd | স্বাক্ষরিত |
| ১৮ | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, মেহেরপর সদর। | - | অনুপস্থিত | meherpursufo@gmail.com | - |
| ১৯ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মেহেরপুর সদর। | উপস্থিত | - | pio.nahida@yahoo.com | স্বাক্ষরিত |
| ২০ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর সদর। | উপস্থিত | - | | স্বাক্ষরিত |
| ২১ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর সদর। | - | অনুপস্থিত | | - |
| ২২ | উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মেহেরপুর সদর। | উপস্থিত | - | | স্বাক্ষরিত |
| ২৩ | উপজেলা সমবায় কর্মকর্তা, মেহেরপুর সদর। | উপস্থিত | - | | স্বাক্ষরিত |
| ২৪ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মেহেরপুর সদর। | উপস্থিত | - | | স্বাক্ষরিত |
| ২৫ | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন, নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, মেহেরপুর। | - | অনুপস্থিত | | - |